

ফসলেন সংস্থিতা

- দেবাশিস সায়ন

বন্যা কেড়েছে ভিটে মাটি ঘর
পকেট করেছে গড়ের মাঠ ।
এবার আমার শরণ কেবল-
নিভতে একান্তবাস ।;

কালকুটের থাবায় উড়ায়-
রহিমআলির চাল ।
উনুন গিয়েছে বরাকের জলে,
ফুসলানো পাহাড়ি খাল ।

আনাজ গিয়েছে মাটির তলায়-
খিদের শস্যে ভূত ।
গা ছমছম পাকালের দলে,
এসেছে হাজার দূত ।

হারানো ভিতের বজ্র শমন,
শ্রান্ত অপরাজিতা !
এবার না হয় হোক তবে মা-
ফসলেন সংস্থিতা ।

